

SATISH CHANDRA MEMORIAL SCHOOL
MID TERM (HALF YEARLY) EXAMINATION (2026-27)
CLASS - IV
BENGALI (2ND LANGUAGE)

Time allowed : 3 Hours

Maximum Marks : 80

॥ বিভাগ - ক॥

১। ক) নিম্নলিখিত অনুচ্ছেদটি পাঠ করে অনুচ্ছেদের সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও:- ১x৫ = ৫
কেস স্টাডি - ১

শীতের ছুটিতে অর্ণব তার বাবা-মায়ের সঙ্গে দার্জিলিং বেড়াতে গেল। পাহাড়ি পথে গাড়ি চলার সময় তার চোখে পড়ল সবুজ পাহাড়ের ঢাল, পাইন গাছের সারি, ছোট ছোট ঝরনা এবং মেঘে ঢাকা পর্বতশৃঙ্গ। প্রকৃতির এই অপরূপ সৌন্দর্য দেখে অর্ণব খুব আনন্দ পেল।

পরদিন ভোরে ঘুম থেকে উঠে সে দেখল, সূর্যের প্রথম আলো ধীরে ধীরে পাহাড়ের গায়ে ছড়িয়ে পড়ছে। দূরে কাঞ্চনজঙ্ঘার বরফে সোনালি আভা দেখা যাচ্ছে। অর্ণবের মনে হল, বইয়ের পাতায় পড়া প্রকৃতির সৌন্দর্য যেন আজ তার চোখের সামনে জীবন্ত হয়ে উঠেছে।

এরপর তারা একটি পাহাড়ি গ্রামে গেল। সেখানে অর্ণব দেখল ছোট ছোট বাড়ি, পাহাড়ের ঢালে চাষের জমি, সরু রাস্তা এবং পাহাড়ি ঝরনা। স্থানীয় মানুষের জীবনযাত্রা দেখে সে বুঝতে পারল, পাহাড়ের মানুষের জীবন শহরের মানুষের জীবন থেকে অনেকটাই আলাদা।

গ্রামের এক বৃদ্ধ অর্ণবকে বললেন, “পাহাড়কে ভালোবাসলে পাহাড়কেও রক্ষা করতে হবে।” অর্ণব চারপাশে তাকিয়ে দেখল, কিছু পর্যটক প্লাস্টিকের বোতল ও খাবারের প্যাকেট ফেলে রেখেছে। সুন্দর পরিবেশের মধ্যে আবর্জনা দেখে তার মন খারাপ হয়ে গেল। ফেরার সময় সে ঠিক করল, বন্ধুদেরও প্রকৃতি পরিষ্কার রাখা ও পরিবেশ রক্ষার কথা বলবে।

প্রশ্নমালা :

i. অর্ণবের ভ্রমণের প্রধান আকর্ষণ কোনটি ছিল?

ক) সমুদ্রের ঢেউ খ) প্রাকৃতিক সৌন্দর্য গ) মরুভূমির বালি ঘ) ব্যস্ত শহরের রাস্তা ।

ii. “গ্রাম” শব্দটির বিপরীত শব্দ কি হবে ?

ক) বাড়ি খ) পাহাড় গ) শহর ঘ) গ্রাম ।

iii. মন্তব্য : পাহাড়ি অঞ্চলের প্রকৃতি অর্ণবের মনে গভীর প্রভাব ফেলেছিল।

কারণ : সেখানে অর্ণব দেখল বড় বড় বাড়ি, পাহাড়ের ঢালে চাষের জমি।

ক) মন্তব্য ঠিক , কারণ ভুল খ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল গ) মন্তব্য ভুল , কারণ ঠিক ঘ) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

iv. “এরপর তারা একটি পাহাড়ি গ্রামে গেল”- বাক্যটিতে সর্বনাম পদ কোনটি?

ক) একটি গ্রাম খ) পাহাড় গ) তারা ঘ) গেল ।

v. অর্ণবের জায়গায় তুমি হলে পাহাড়ে ভ্রমণের সময় কোন কাজটি করতে?

ক) যেখানে-সেখানে আবর্জনা ফেলতে খ) গাছের ডাল ভাঙতে গ) প্রকৃতি পরিষ্কার ও সুরক্ষিত রাখতে ঘ) ঝরনার জলে প্লাস্টিক ফেলতে ।

খ) নিম্নলিখিত অনুচ্ছেদটি পাঠ করে অনুচ্ছেদের সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও : - ১x৫ = ৫
কেস স্টাডি - ২

প্রতিদিন স্কুলে যাওয়ার পথে রাস্তার পাশে এক বৃদ্ধ মানুষকে বসে থাকতে দেখা যেত। বৃদ্ধটি কারও কাছে সাহায্য চাইতেন না, শুধু চুপচাপ বসে থাকতেন। একদিন প্রবল বৃষ্টির মধ্যে দেখা গেল, বৃদ্ধটির কাছে কোনো ছাতা নেই। তখন নিজের ছাতাটি তাঁর হাতে দিয়ে একজন ছাত্র নিজে ভিজতে ভিজতে স্কুলে চলে গেল।

পরদিন বন্ধুরা তাকে জিজ্ঞাসা করল, “তুমি নিজের ছাতা দিয়ে দিলে কেন?” সে বলল, “আমাদের সামান্য সাহায্য যদি অন্য একজনের কষ্ট একটু কমাতে পারে, তাহলে সেটাই তো মানুষের প্রতি মানুষের দায়িত্ব।”

কয়েক দিন পরে স্কুলে শিক্ষক ‘মানবিকতা ও সামাজিক দায়িত্ব’ নিয়ে আলোচনা করলেন। সেই ছাত্র তার অভিজ্ঞতার কথা সকলকে জানাল। শিক্ষক বললেন, সমাজে বড় পরিবর্তন সব সময় বড় কাজের মাধ্যমে আসে না; অনেক সময় ছোট ছোট মানবিক আচরণই মানুষের মধ্যে সহমর্মিতা ও সহযোগিতার মনোভাব গড়ে তোলে। কথাগুলো শুনে ছাত্ররা ঠিক করল, তারা প্রত্যেকে নিজের সামর্থ্য অনুযায়ী অসহায় ও প্রয়োজনের সময়ে থাকা মানুষের পাশে দাঁড়াবে।

প্রশ্ন মালা : -

i. উল্লিখিত কাজটির মধ্যে কোন সামাজিক মূল্যবোধটি সবচেয়ে স্পষ্টভাবে প্রকাশ পেয়েছে?

ক) প্রতিযোগিতা খ) সহমর্মিতা ও মানবিকতা গ) আত্মপ্রচার ঘ) স্বার্থপরতা ।

ii. নিজের ছাতা বৃদ্ধকে দিয়ে দেওয়ার মাধ্যমে কী বোঝানো হয়েছে?

ক) অন্যের প্রয়োজনকে গুরুত্ব দেওয়া উচিত খ) নিজের জিনিস কাউকে দেওয়া উচিত নয় গ) বন্ধুদের সঙ্গে প্রতিযোগিতা করা দরকার ঘ) সমস্যা কে এড়িয়ে চলাই ভালো ।

iii. মন্তব্য : ছোট ছোট মানবিক কাজ সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে।

কারণ : একটি ভালো কাজ অন্য মানুষকেও ভালো কাজে উৎসাহিত করতে পারে।

ক) মন্তব্য ঠিক ,কারণ ভুল খ) মন্তব্য ও কারণ উভয়ই ভুল গ) মন্তব্য ভুল ,কারণ ঠিক ঘ) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

iv. “শিক্ষক” শব্দটির বহুবচন কি হবে ?

ক) শিক্ষকটি খ) শিক্ষকতা গ) শিক্ষকগণ ঘ) শিক্ষকরাজি ।

v) “ছাতা” - শব্দটির বর্ণ বিশ্লেষণ করলে কি হবে ?

ক) ছ + ত + আ খ) ছ + আ + ত + আ গ) ছ + ই + ত + ই ঘ) ছ + ত + এ ।

॥ বিভাগ -খ ॥

(সাহিত্য)

২) নিচের প্রশ্নগুলি থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো। (১×১০) = ১০

ক) মহাজন কার সম্পর্কে নালিশ করেছে?

i) চাষার উকিল ii) মহাজনের উকিল iii) হাকিম সাহেব iv) চাষার সম্পর্কে ।

খ) “শামলা” - শব্দটির অর্থ কি ?

i) উকিল ii) হাকিম iii) মহাজন iv) পাগড়ী ।

গ) স্ত্রী মাকড়সার শরীরের কোন অংশে বীজের থলি আটকে থাকে?

i) পেছনের দিকে ii) সামনে iii) পিঠের ওপরে iv) মাথায় ।

ঘ) উকিলের বুদ্ধি গুল্পে কাকে তোমার বেশি বুদ্ধিমান বলে মনে হয়?

i) চাষার উকিলকে ii) মহাজনের উকিলকে iii) হাকিমকে iv) চাষাকে ।

ঙ) “ধুমকেতু ও লাঙ্গল” পত্রিকার সম্পাদক কে ছিলেন?

i) কবি কাজী নজরুল ইসলাম ii) গোপাল চন্দ্র ভট্টাচার্য iii) সুকুমার রায় iv) রবীন্দ্রনাথ ঠাকুর ।

চ) মন্তব্য: বাবুদের পুকুরের নাম ছিল তালপুকুর।

কারণ : সেই পুকুরের ধারেই ছিল তালগাছ।

i) মন্তব্য ঠিক ,কারণ ভুল ii) মন্তব্য ও কারণ উভয়ই ভুল iii) মন্তব্য ভুল ,কারণ ঠিক iv) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

ছ) কে মামলা খারিজ করে দিয়েছিল ?

i) চাষার উকিল ii) মহাজনের উকিল iii) হাকিম iv) চাষা নিজেই ।

জ) মাকড়সার মত একটি কীটপতঙ্গের নাম লেখো?

i) রুই মাছ ii) প্রজাপতি iii) টিকটিকি iv) ব্যাঙ।

ঝ) মন্তব্য : স্ত্রী মাকড়সার গায়ের রং কালো।

কারণ: স্ত্রী মাকড়সার পেছনের দিকে বীজের থলি থাকে।

i) মন্তব্য ঠিক ,কারণ ভুল ii) মন্তব্য ও কারণ উভয়ই ভুল iii) মন্তব্য ভুল ,কারণ ঠিক iv) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক।

ঞ) জলের ওপর দল বেঁধে ভেসে বেড়ায় কে?

i) মেছো মাকড়সা ii) রুই মাছ iii) মলি মাছ iv) তেচোকা মাছ।

॥ বিভাগ -গ ॥

(ব্যাকরণ)

৩) নিচের প্রশ্নগুলির উত্তর দাও। (২০)

ক) চিত্রলিপি কোথায় প্রচলিত ছিল ? ১

খ) আমি এবং আমার বন্ধুরা প্রচুর খাবার খেয়েছিলাম।(বাক্যটির ক্রিয়াপদ কোনটি) ১

গ) “ই” - হ্রস্বস্বরটি দ্বারা দুটি শব্দ গঠন করো। ১

ঘ) নেতাজি ভারতবাসীদিগকে উদ্দেশ্য করিয়া বক্তব্য রাখিয়াছিলেন।(বাক্যটিকে চলিত ভাষায় পরিণত করে লেখো) ১

ঙ) নাসিক্য ব্যঞ্জন দিয়ে একটি শব্দ গঠন করো। ১

চ) রিয়া স্কুলে যায় - বাক্যটিতে কতগুলি পদ আছে? ১

ছ) বিদ্যালয়ে যায় সে। (এলোমেলো শব্দগুলিকে সাজিয়ে বাক্যটি লেখো) ১

জ) আমি গতকাল বিদ্যালয়ে যাইনি।(বাক্যটিতে বিধেয় অংশের তলায় দাগ দাও) ১

ঝ) বাগযন্ত্রের দুটি অংশের নাম লেখো ? ১

ঞ) “বাবা”- শব্দটির বর্ণ বিশ্লেষণ করে দেখাও। ১

চ)  ছবিটি দেখে এর বিপরীত শব্দ লেখো এবং সেই শব্দ দিয়ে বাক্য রচনা করো। (১+১)

ছ) 

ছবিটি দেখে এক কথায় প্রকাশ করো। ওই এক কথায় প্রকাশ দিয়ে একটি বাক্য গঠন করো।(১+১)

জ) বচন পরিবর্তন করে শূন্যস্থান পূরণ করো:- (১+১)

i) টেবিলে (বই)_____ রাখা আছে।

ii) (মহিলারা)_____ দাঁড়িয়ে আছে।

ঝ) নিচের বাক্য দুটিতে ভুল বানানটি শুদ্ধ করে পুনরায় বাক্য দুটি লেখো:- (১+১)

i) বাগানে প্রচুর পুষ্প ফুটিয়াছে।

ii) সে রামায়ন পাঠ করে।

ঞ) বহুবচনের দুটি শব্দ লেখো। ২

॥ বিভাগ -ঘ ॥

(সাহিত্য)

৪) নিচের প্রশ্নগুলির থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর লেখো।

(৫×২) = ১০

ক) “সে কি ভাই যায়রে ভুলা”- কবিতা অনুসারে কোন বিষয় ,কে ভুলতে পারে না? কেন ভুলতে পারেনা?(২+৩)

খ) “লিচু চোর”- কবিতার পরিপ্রেক্ষিতে তোমার বন্ধু পাশের বাড়ির গাছ থেকে অনুমতি ছাড়া ফল পাড়তে চায় - তুমি কোন ফল খেতে পছন্দ করো? না বলে নেওয়াকে কি বলা হয়? তুমি বন্ধুকে কি পরামর্শ দেবে লেখো।(১+১+৩)

গ) ফল খাওয়ার উপকারিতাগুলো লেখো। ৫

৫) নিচের প্রশ্নগুলি থেকে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও।

(৩×১) = ৩

ক) “ব্যাটা ভাই বড় নচ্ছার”- এখানে ব্যাটা ভাই বলতে কাকে বোঝানো হয়েছে? কীভাবে তার হাত থেকে লিচু চোর মুক্তি পেয়েছিল ? (১+২)

খ) "বাবা গো মাগো বলে

পাঁচিলের ফোঁকল গলে" - পাঁচিলের ফোঁকল গলে কে কোথায় গিয়ে ঢুকেছিল? সে সেখানে ঢুকেছিল কেন ? (২+১)

৬) নিচের প্রশ্নটির উত্তর লেখো।

(২×১) = ২

ক) কাস্তে কি দিয়ে তৈরি হয়? কাস্তে কি কাজে লাগে? (১+১)

৭) নিচের প্রশ্নগুলি থেকে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও।

(৫×১)=৫

ক) মাকড়সা ছাড়া অন্য দুটি কীট পতঙ্গের নাম লেখো। তোমার দেখা যেকোনো কীটপতঙ্গের সম্পর্কে চার-পাঁচটি বাক্য লেখো। (২+৩)

খ) চাষা ও উকিলের মধ্যে কাকে তোমার সবচেয়ে বেশি বুদ্ধিমান বলে মনে হয় এবং কেন? (১+৪)

৮) নিচের প্রশ্নগুলি থেকে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও। $(৩ \times ২) = ৬$

ক) “চাষা তার পোটলা নিয়ে গ্রামে ফিরতে চলেছে”- শহরে কে বাস করত? শহর ও গ্রামের পরিবেশের পার্থক্য লেখো। $(১+২)$

খ) তেচোকা মাছ ছাড়া আর কী কি মাছ তোমরা দেখেছো? মাছের বৈশিষ্ট্য লেখো। $(১+২)$

গ) “শরীরের পশ্চাভাগে মটরের মতো বীজের থলি”- কোন মাকড়সার বীজের থলি থাকে? মেছো মাকড়সা ছাড়া দুটি জলজ প্রাণীর নাম লেখো। $(১+২)$

৯) নিচের প্রশ্নটির উত্তর দাও। $(২ \times ১) = ২$

ক) চাষা কি সত্যিই পাগল ছিল তোমার কী মনে হয়?

॥ বিভাগ -ঙ ॥

১০) নিচের যে কোন একটি বিষয়ের উপর অনুচ্ছেদ রচনা করো। $(১ \times ৬) = ৬$

তোমার জীবনে গাছের প্রয়োজনীয়তা

অথবা,

তুমি কী হতে চাও।

১১) চিত্র দেখে বর্ণনা করো। (৭ থেকে ৮ টি বাক্য) ৬

